

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-১ শাখা

স্মারক নং- ৪৬.০৪৬.০১৯.০০.০০.০০১.২০১২- ১১৪

তারিখ : ১৪ আগস্ট, ২০১৩

বিষয় : উপজেলা পরিষদের নব-নিয়োগকৃত কর্মচারীদের দুটি বিশেষ ইনক্রিমেন্ট প্রদান প্রসঙ্গে।

সূত্র : উপজেলা নির্বাহী অফিসার রাজনগর, মৌলভীবাজার কার্যালয়ের স্মারক নং-উঃনিঃঅঃ/রাজঃ/সংস্থাপন/গ-১(৬)/২০১১-৬০৯
তারিখ : ০৯.০৭.২০১৩ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের শ্রেণিতে জানানো যাচ্ছে যে, উপজেলা পরিষদে নব-নিয়োগকৃত কর্মচারীদের দুটি বিশেষ ইনক্রিমেন্ট প্রদান বিষয়ে উপজেলা পরিষদ কর্মচারী (চাকুরী) বিধিমালা, ২০১০ এর ১১ অনুচ্ছেদে বেতন বর্ধনের বিষয়ে নিম্নরূপ উল্লেখ রয়েছে :

" বেতন বর্ধন ১-১১(৩) কোন শিক্ষানবিস সাফল্যজনকভাবে শিক্ষানবিসকাল সমাপ্ত না করিলে এবং চাকুরীতে স্থায়ী না হইলে, তিনি বেতন বর্ধনের অধিকারী হইবেন না;

(৪) প্রশংসনীয় বা অসাধারণ কর্মের জন্য পরিষদ, কোন কর্মচারীকে একসঙ্গে অনধিক দুটি বিশেষ বেতন বর্ধন মঞ্জুর করিতে পারিবে।"

০২. উল্লেখ্য, ৪৮১টি উপজেলা পরিষদের জন্য রাজস্ব খাতে অস্থায়ী সৃজিত বিভিন্ন ক্যাটাগরীর পদসমূহ মন্ত্রিপরিষদ বিভাগের ০৩.০৫.২০০৩ তারিখের মপবি/কঃবিঃশাঃ/কপগ-১১/২০০১-১১১ সংখ্যক সরকারী আদেশে পর পর তিন বছর অস্থায়ীভাবে বছর ভিত্তিক সংরক্ষণ করার নির্দেশনা রয়েছে। এরূপ তিন বছর সংরক্ষণ করার পর প্রশাসনিক মন্ত্রণালয় পদগুলি স্থায়ী রাজস্ব বাজেটে আনয়নের উদ্যোগ গ্রহণ করবে। ফলে মন্ত্রিপরিষদ বিভাগের উক্ত আদেশ অনুযায়ী উপজেলা পরিষদে সৃজিত পদসমূহ এখনও স্থায়ী রাজস্ব বাজেটে আনয়ন করা হয়নি। পদগুলি স্থায়ী রাজস্ব বাজেটে আনয়ন না হওয়া পর্যন্ত জনবলকে সৃজিত পদে স্থায়ী করা যাবে না।

০৩. এমতাবস্থায়, মন্ত্রিপরিষদ বিভাগের ০৩.০৫.২০০৩ তারিখের মপবি/কঃবিঃশাঃ/কপগ-১১/২০০১-১১১ সংখ্যক সরকারী আদেশ অনুযায়ী যেহেতু উপজেলা পরিষদে সৃজিত পদসমূহ এখনও অস্থায়ী রাজস্ব বাজেটের আওতায় বছর বছর সংরক্ষণ করা হচ্ছে, যেহেতু অস্থায়ী রাজস্ব বাজেটে সৃজিত পদসমূহ স্থায়ী রাজস্ব বাজেটে আনয়ন না হওয়া পর্যন্ত উক্ত পদে নিয়োগকৃত জনবলকে স্থায়ী করা যাবেনা, সেহেতু উপজেলা পরিষদ কর্মচারী (চাকুরী) বিধিমালা, ২০১০ এর ১১(৩) অনুযায়ী স্থানীয় সরকার বিভাগ হতে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত উপজেলা পরিষদের নব-নিয়োগকৃত সাঁট-মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর ও গাড়ী চালক এর চাকুরী স্থায়ী করার জন্য এবং দুটি বর্ধিত বেতন (Increment) প্রদান না করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : -----পাতা।

১৪/০৮/১৩

(মোঃ সবুর হোসেন)

উপসচিব

ফোনঃ ৯৫৬২২৪৭

Email : lguzp1@lga.gov.bd

বিতরণ (কার্যার্থে):

১. চেয়ারম্যান

-----উপজেলা পরিষদ

-----জেলা

২. উপজেলা নির্বাহী অফিসার

-----উপজেলা, -----জেলা

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):

১. জেলা প্রশাসক

----- জেলা